



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

তারিখঃ ২২/০২/২০২০খ্রি:

## বর্গিল আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন

বর্গিল আয়োজনে উদযাপিত হয়েছে বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস ২০২০। ২০১১ সালের এই দিনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন, সেই থেকে এ দিনটি বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস হিসেবে পালিত হয়ে আসছে। দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয় প্রশাসন নানা কর্মসূচি গ্রহণ করে। সকাল ১০.৩০ টায় জাতীয় সঙ্গীতের মাধ্যমে জাতীয় পতাকা, বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন, বেলুন এবং ফেস্টুন উড়িয়ে বরিশাল বিশ্ববিদ্যালয় দিবসের উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মানিত সদস্য প্রফেসর ড. দিল আফরোজা বেগম এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনসহ অন্যান্য অতিথিবৃন্দ। দিবসটি উপলক্ষে সকাল ১০.৪৫ টায় মাননীয় উপাচার্য মহোদয়ের নেতৃত্বে আমন্ত্রিত অতিথিবৃন্দসহ বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের অংশগ্রহণে এক বর্ণাঢ্য আনন্দ র্যালি অনুষ্ঠিত হয়। র্যালিটি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে থেকে বরিশাল-পটুয়াখালী-ভোলা মহাসড়ক হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় প্রশাসনিক ভবনের সামনে এসে শেষ হয়। র্যালি শেষে উপাচার্য মহোদয় প্রধান অতিথি, আমন্ত্রিত অতিথি, বিশ্ববিদ্যালয় প্রশাসনের কর্তাব্যক্তি এবং শিক্ষার্থীদের সাথে নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। ৯ম প্রতিষ্ঠা বার্ষিকীর এ মাহেন্দ্রক্ষণে এক প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়ের স্বপ্নদ্রষ্টা স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন এবং একইসাথে তাঁর সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। পাশাপাশি বরিশাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা আন্দোলনের সাথে যারা জড়িত ছিলেন তাঁদেরসহ সমগ্র বরিশালবাসি, রাজনৈতিক নেতৃবৃন্দ, বীর মুক্তিযোদ্ধা, স্থানীয় প্রশাসন, সুশীল সমাজ এবং গণমাধ্যমের প্রতিও তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন। উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়ের সাফল্য ও অগ্রগতি কামনা করেন। এদিকে দুপুর ১২ টায় বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে ২০১৯-২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের নবাগত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন এবং বিশ্ববিদ্যালয় দিবস ২০২০ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মানিত সদস্য প্রফেসর ড. দিল আফরোজা বেগম। আলোচনা সভায় প্রধান অতিথিসহ অন্যান্য বক্তারা নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন। এসময় প্রধান অতিথি অধ্যাপক ড. দিল আফরোজা বেগম নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, আগামীর চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ মানবসম্পদ সৃষ্টির কোন বিকল্প নেই। তোমরা যে যে বিভাগেই পড়ছো না কেন সে বিষয়কে গুরুত্ব দিয়ে পড়তে হবে যাতে করে তোমরা তোমাদের উদ্ভাবনী শক্তির মাধ্যমে দেশের জন্য কাজ করে যেতে পার। তোমাদের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আদর্শকে ধারণ করতে হবে। একটা বিষয় মনে রাখতে হবে যারা সত্যিকার অর্থে বঙ্গবন্ধুর আদর্শকে মনে প্রাণে ধারণ করে তারা কখনো কোন অন্যায় ও দুর্নীতিকে প্রশ্রয় দিতে পারেনা। সভায় অন্যান্যদের মধ্যে আমন্ত্রিত অতিথিবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যান, পরিচালক, ছাত্র উপদেষ্টা, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থীবৃন্দ, দপ্তরপ্রধান, কর্মকর্তা, কর্মচারী এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন। এদিকে বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস ২০২০ উপলক্ষে বিকাল ৩টায় বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে এক জমকালো সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস